দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেণ্টেশন কেন্দ্র

তারিখ 20 MAY 1989
পৃষ্ঠা ... ৭ ... কলাম ৭

017

## নোট বইয়ের বদলে গাইড বই প্রকাশের আবেদন

বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি নোট বইয়ের বদলে গাইড বই প্রকাশের ব্যাপারে পদক্ষেপ নিতে সরকারের প্রতি আবেদন জানিয়েছে। বুধবার সমিতি বলেছে যে ১৯৮০ সালে অষ্টম শ্রেণী পর্যন্ত নোট বই প্রকাশ ও নিষিদ্ধকরণের যে আইন প্রনয়ন করা হয়েছিল, বাস্তবে তা কার্যকারিতা হারিয়েছে। কারণ আইন বলবৎ থাকা সত্বেও বাজারে নিম্নমানের ভুলে ভরা ও অস্পষ্ট ছাপা ও বেশী দামের নোট বই প্রকাশ ও বিক্রি হচ্ছে। সমিতি জাতীয় শিক্ষাক্রম ও টেকসট বুক বোর্ড গঠিত কমিটির মতামতের ভিত্তিতে গাইড বই প্রকাশের সুপারিশের ভিত্তিতে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়েছে।